০৫-০১-২০২৬খ্রিঃ সোমবার

# খোকসায় সমবায়ীদের দিনব্যাপী প্রশিক্ষণ

দৈনিক কুষ্টিয়া প্রতিবেদক, খোকসা/

খোকসায় উপজেলা সমবায় কার্যালয়ের আয়োজনে স্থানীয় সমবায়ীদের নিয়ে দিনব্যাপী ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।



সোমবার সকালে উপজেলা পরিষদ সভাকক্ষে সমবায় সমিতির সদস্যবৃন্দের অংশগ্রহণে সমবায় সমিতি ব্যবস্থাপনা, সমবায় সমিতির আর্থিক ও নিরীক্ষা এবং সমবায় কর্তৃক গৃহীত গুরুত্বপূর্ণ বিষয় সংক্রান্ত দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

প্রশিক্ষণে প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন জেলা সমবায় অধিদপ্তরের উপসহকারী নিবন্ধক আনিসুর রহমান। উপস্থিত ছিলেন উপজেলা সমবায় কর্মকর্তা বজলুর রহমান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা গোলাম আউয়াল, উপজেলা সহকারী সমবায় অফিসার আনন্দ কুমার প্রমুখ। এ সময় উপজেলার বিভিন্ন সমবায় সমিতির প্রতিনিধি ও সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। দিনব্যাপী প্রশিক্ষণে সমবায়ের বিভিন্ন দিক তুলে ধরে বক্তাগণ আলোচনা করেন।